# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 01-11-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছত্তিশগড়ে আজ ১৪ হাজার ২৬০ কোটি টাকারও বেশি একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের সূচনা করছেন।

২) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা এবং দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে আসিয়ান এবং প্লাস দেশগুলির সঙ্গে সহযোগিতা বাড়াতে ভারত প্রতিশ্রুতিবদ্ধ।

৩) ভারত ও ব্রিটেন ক্রমশ গতিশীল ভবিষ্যতমুখী অংশীদারিত্বের পথে এগোচ্ছে বলে বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর জানিয়েছেন।

৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী আজ একাধিক রাজ্যের প্রতিষ্ঠা দিবসে জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন।

৫) মার্কিন আইন প্রণেতারা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে এইচ ওয়ান বি ভিসা ও এক লক্ষ ডলার ফি নিয়ে ঘোষণার পুনর্বিবেচনার আর্জি জানিয়েছেন।

৬) প্রাক্তন ভারতীয় হকি গোলরক্ষক ম্যানুয়েল ফ্রেডেরিক প্রয়াত।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছত্তিশগড়ে নয়া রায়পুরে ব্রহ্মকুমারীদের শান্তি শিখর সম্মেলনের উদ্বোধন করেছেন। এই কেন্দ্রটি আধ্যাত্মিক শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, দেশের উন্নয়ন রাজ্যগুলির সমৃদ্ধির সঙ্গে সম্পর্কযুক্ত, আর এই মন্ত্রকেই হাতিয়ার করেই ভারতকে উন্নত দেশের তালিকায় স্থান দিতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। ব্রহ্মকুমারীর মত প্রতিষ্ঠান এই প্রচেষ্টায় গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।

বাইট

ছত্তিশগড়ের ২৫ তম বর্ষ পূরণ দিবস উপলক্ষে তিনি বলেন, বিকশিত ভারতের পথে দেশ স্বমহিমায় এগিয়ে চলেছে।

বাইট

এর আগে প্রধানমন্ত্রী নয়া রায়পুরে শ্রী সত্য সাই সঞ্জীবনী হাসপাতাল পরিদর্শন করেন। দিল কি বাত অনুষ্ঠানের আওতায় আড়াই হাজার শিশুর সঙ্গে কথা বলেন। জন্ম থেকেই এই শিশুরা হৃদরোগ জনিত সমস্যায় ভুগছে এবং এই হাসপাতালে বিনা মূল্য চিকিৎসা পাচ্ছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শিশুদের গিফ্ট অফ লাইফ শংসাপত্র প্রদান করেন।

প্রধানমন্ত্রী আজ রায়পুরে ছত্তিশগড় বিধানসভার নব নির্মিত ভবনে প্রাক্তন প্রধানমন্ত্রী ভারত রত্ন অটল বিহারী বাজপেয়ীর একটি মূর্তির আবরণ উন্মোচন করবেন।

প্রধানমন্ত্রী এই সফরে ১৪ হাজার ২৬০ কোটি টাকারও বেশি এক গুচ্ছ উন্নয়ন প্রকল্পের সূচনা করছেন।

-----------------------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা এবং দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে আসিয়ান এবং প্লাস দেশগুলির সঙ্গে সহযোগিতা বাড়াতে ভারত প্রতিশ্রুতিবদ্ধ। মালয়েশিয়ার কুয়ালালামপুরে আজ আসিয়ান গোষ্ঠীভুক্ত দেশগুলির প্রতিরক্ষা মন্ত্রীদের দ্বাদশ শীর্ষ বৈঠক ADMM Plus-এ তিনি বক্তব্য রাখছিলেন। প্রতিরক্ষা মন্ত্রী বলেন, ADMM Plus হল ভারতের অ্যাক্ট ইস্ট পলিসি এবং ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে স্থিতিশীলতা বজার রাখার বৃহত্তর পরিকল্পনার গুরুত্বপূর্ণ অঙ্গ। নিরাপত্তা, উন্নয়ন এবং স্থায়ীত্ব এই তিনের মধ্যে সুদৃঢ় সমন্বয় ভারত এবং আসিয়ানের অংশীদারিত্বকে আরও জোরদার করে। ভারত সর্বদা অবাধ, মুক্ত এবং অন্তর্ভুক্তিমূলক ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার পক্ষে সওয়াল করে এসেছে বলে তিনি জানান।

বাইট

প্রতিরক্ষা মন্ত্রী বলেন, ADMM Plus বর্তমানে ১৬ তম বছরে পদার্পন করেছে। এই সময়ে ভারত পারস্পারিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করতে আলোচনার জন্য প্রস্তুত। ভারত মহাসাগর নীতির আওতায় গঠনমূলক আলোচনা এবং অংশীদারিত্ব বাড়াতে প্রতিশ্রুতিবদ্ধ বলে তিনি জানান।

------------------------------------

এদিকে ADMM-Plus বৈঠকের ফাঁকে প্রতিরক্ষা মন্ত্রী আজ , দক্ষিণ কোরিয়ার প্রতিরক্ষা মন্ত্রী আহন গিউ এর সঙ্গে সাক্ষাৎ করেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী সিং জানিয়েছেন, নিউজিল্যান্ডের প্রতিরক্ষা মন্ত্রী জুডিথ কলিন্স এর সঙ্গেও তিনি সাক্ষাৎ করে, ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছেন।

ভিয়েতনামের প্রতিরক্ষা মন্ত্রী ফান ভান গিয়াং এর সঙ্গেও কথা বলেন শ্রী সিং।

-----------------------------------

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, ভারত ও ব্রিটেন এক জটিল ঐতিহাসিক সম্পর্ক থেকে ক্রমশ গতিশীল ভবিষ্যতমুখী অংশীদারিত্বের পথে এগোচ্ছে। ব্রিটেনের জাতীয় দিবস উদযাপন উপলক্ষে গতকাল নতুন দিল্লিতে ডক্টর জয়শঙ্কর দু-দেশের প্রযুক্তিগত নিরাপত্তা উদ্যোগ সংক্রান্ত সহযোগিতা প্রসারিত করার কথাই উল্লেখ করেননি। এর পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তা ও বিরল খনিজ সংক্রান্ত সহযোগিতার বিষয়টিও তাঁর বক্তব্যে তুলে ধরেছেন। এই প্রসঙ্গে তিনি ভারতে ৯-টি ব্রিটেনের বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস স্থাপনের কথাও উল্লেখ করেন।

-----------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রত্যেকের সম্মিলিত প্রয়াসে দেশ বিজ্ঞান ও উদ্ভাবন  ক্ষেত্রে আন্তর্জাতিক নেতৃত্ব এর নতুন সংজ্ঞা লাভ করেছে। দৃঢ় প্রত্যয়ী আত্ম নির্ভর ভারত  এখন গোটা বিশ্ব কেই অনুপ্রানিত করছে। একটি ইংরেজি দৈনিকে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী Dr জিতেন্দ্র সিং এর একটি নিবন্ধ সামাজিক মাধ্যমে শেয়ার করে প্রধানমন্ত্রী বলেন, ভারত ডিজিটাল ইন্ডিয়া থেকে ডীপ টেক এবং চন্দ্রযান থেকে জৈব অর্থনীতির ক্ষেত্রে নতুন রেকর্ড করেছে।

-----------------------------------

সমৃদ্ধ রন্ধন সম্পর্কীয় ঐতিহ্যের নিরিখে লখনৌ ইউনেস্কোর তালিকায় যুক্ত হয়েছে।উজবেকিস্থানের সমরখন্ডে ইউনেস্কোর সাধারণ সম্মেলনে সুখাদ্য বা গ্যাস্ট্রোনমি বিভাগের তালিকায় ৭০ টি দেশের মধ্যে থেকে লখনৌকে বেছে নেওয়া হয়।

হায়দরাবাদের পর এই তালিকায় লখনৌ দ্বিতীয় ভারতীয় শহর হিসাবে জায়গা করে নিয়েছে। উত্তরপ্রদেশের পর্যটন ও সংস্কৃতিমন্ত্রী জাভির সিংহ এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন।

-----------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ অন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড়, হরিয়ানা, কর্ণাটক, কেরালা, লাক্ষাদ্বীপ, মধ্যপ্রদেশ, পাঞ্জাব এবং পুদুচেরির জনগণকে তাদের রাজ্যের প্রতিষ্ঠা দিবসে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের একটি পোস্টে রাষ্ট্রপতি মুর্মু বলেছেন উল্লিখিত প্রতিটি রাজ্য দেশের অগ্রগতিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে। এই রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলি তাদের উন্নয়নের যাত্রায় নতুন মাইলফলক অর্জন করবেন বলেও আশা প্রকাশ করেন রাষ্ট্রপতি।

-----------------------------------

সুস্থ নারী  সশক্ত পরিবার অভিযানের আওতায় ভারত তিনটি গিনেস বিশ্ব রেকর্ড অর্জন করেছে। গত ১৭-ই সেপ্টেম্বর থেকে অক্টোবরের ২ তারিখ পর্যন্ত এই প্রচারাভিযানে অভূতপূর্ব সাড়া মিলেছে। এই উদ্যোগে বহুমুখী রেকর্ড স্থাপিত হয়েছে। একমাসের মধ্যে হেল্থ কেয়ার প্ল্যাটফর্মে ৩ কোটি ২১ লক্ষেরও বেশি মানুষ নাম নথিভুক্ত করেছেন। এক সপ্তাহের মধ্যে রেকর্ড সংখ্যক মানুষ স্তনের ক্যান্সারের জন্য অনলাইন স্ক্রিনিং-এর জন্য নাম লিখিয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে ২০-টিরও বেশী বিভিন্ন দফতর ও মন্ত্রক এই প্রচারাভিযানের সঙ্গে যুক্ত হয়েছে।

-----------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ছত্রিশগড়,হরিয়ানা, কর্ণাটক,কেরালা এবং মধ্যপ্রদেশ রাজ্য প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীদের শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে একাধিক পোস্টে শ্রী মোদী ছত্রিশগড় রাজ্যবাসীদের শুভেচ্ছা জানিয়ে বলেন,দেশের উন্নয়নে ছত্রিশগড়ের মানুষ বিশেষ ভূমিকা পালন করেছেন। একদা মাওবাদী অধ্যুষিত রাজ্যটি বর্তমানে উন্নয়নের লক্ষ্যে এগিয়ে চলেছে।

অপর এক বার্তায়, হরিয়ানাকে ঐতিহাসিক ভূমি বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন,রাজ্যের কৃষক ভাই-বোনেদের, কঠিন পরিশ্রম দেশের মানুষের কাছে উদাহরণ সৃষ্টি করেছে। ভারতীয় সেনাবাহিনীতে হরিয়ানার মানুষের উল্লেখযোগ্য অংশগ্রহণের বিষয়টিও তিনি তুলে ধরেন।

কর্ণাটকের মানুষদের শুভেচ্ছা জানিয়ে বলেন,কান্নাডা রাজ্যোৎসব উদযাপনের মধ্যে দিয়ে রাজ্যের সংস্কৃতি,শিল্প, সঙ্গীত এবং শিল্পমনষ্ক মনোভাব প্রকাশ পেয়েছে।
কেরালা পেরাভির কথা উল্লেখ করে শ্রী মোদী,কেরালার প্রাকৃতিক সৌন্দর্য এবং প্রাচীন ভারতীয় সংস্কৃতির কথা তুলে ধরে। উদ্ভাবন এবং সৃজনশীলতায় কেরালার মানুষ বিশ্বের কাছে গ্রহণযোগ্যর কথাও তিনি তুলে ধরেন।

অপর এক বার্তায় দেশের মধ্যভাগে থাকা মধ্যপ্রদেশের মানুষ দেশের উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে চলেছেন বলে তিনি উল্লেখ করেন।

-----------------------------------

মার্কিন আইন প্রণেতারা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে এইচ ওয়ান বি ভিসা ও এক লক্ষ ডলার ফি নিয়ে ঘোষণা পুনর্বিবেচনার আর্জি জানিয়েছেন। তারা বলেছেন আইটি ও কৃত্রিম বুদ্ধিমত্তায় আমেরিকার নেতৃত্বের ক্ষেত্রে ভারতীয় নাগরিকরা একেবারে

প্রথম সারিতে রয়েছে। ফলে এই নিষেধাজ্ঞা ভারত আমেরিকা সম্পর্কে নেতিবাচক প্রভাব ফেলবে।

মার্কিন প্রতিনিধি জিমি পানেত্তা সহ কংগ্রেস সদস্য ওমি বেরা ,সালুদ কার্বাজল ও জুলি জনসন এ বিষয়ে প্রেসিডেন্ট ট্রাম্পকে চিঠি লিখেছেন। এইচ ওয়ান বি ভিসা কর্মসূচীতে অভিবাসী নয় এমন কর্মীদের প্রবেশ নিয়ন্ত্রণ ও এক হাজার মার্কিন ডলার ফি আরোপ করা সংক্রান্ত ট্রাম্পের ঘোষণায় তারা উদ্বেগ প্রকাশ করেন। আমেরিকার সবথেকে গুরুত্বপূর্ন সংস্থাগুলি অতীতের এইচ ওয়ান বি ভিসার অধিকারীদের দ্বারা স্থাপিত অথবা পরিচালিত যেমন হচ্ছে তেমনি নতুন বাণিজ্য কর্মসংস্থান এবং প্রযুক্তিগত উন্নতিতে মার্কিন যুক্তরাষ্ট্রকে সামনের সারিতে রাখার বিষয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখছে বলে তারা ওই চিঠিতে উল্লেখ করেছেন।

-----------------------------------

ভারত, পাকিস্তানকে কড়া বার্তা দিয়ে বলেছে যে সেদেশের ছলচাতুরি সকলের সামনে প্রকাশ হয়ে পড়েছে।অন্যায় ভাবে অধিকার করে রাখা কাশ্মীরের মানুষের প্রকাশ্য বিদ্রোহ বলপূর্বক বাধা দিয়ে মানবাধিকার লঙ্ঘন করে চলেছে। রাষ্ট্রসঙ্ঘের সাধারণ অধিবেশনে ইউ এন মিশনে ভারতের ফার্স্ট সেক্রেটারি ভাবিকা মঙ্গলানন্দন বলেন গত কয়েক সপ্তাহ ধরে পাক অধিকৃত কাশ্মীরে পাক বাহিনী ও তার সহযোগীরা নিরীহ নাগরিকদের মৌলিক অধিকার ও স্বাধীনতার আন্দোলন নস্যাৎ করে তাদের হত্যা করছে।

ইসলামাবাদের দাবি খারিজ করে দিয়ে ভারত অবিলম্বে পাক অধিকৃত কাশ্মীরে মানবাধিকার লঙ্ঘনের মত অনৈতিক কাজ বন্ধ করতে বলেছে। শ্রীমতী মঙ্গলানন্দ

পুনরায় বলেন কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু -কাশ্মীর ও লাদাখ ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ। জম্মু কাশ্মীরের সামাজিক ও অর্থনৈতিক উন্নতি এখন সকলে দেখতে পাচ্ছেন।

-----------------------------------

প্রাক্তন ভারতীয় হকি গোলরক্ষক ম্যানুয়েল ফ্রেডেরিক প্রয়াত। বয়স হয়েছিল ৭৮ বছর। ১৯৭২ সালের মিউনিখ অলিম্পিকে জয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন তিনি। কেরালার কান্নুরের বাসিন্দা ম্যানুয়েল ফ্রেডেরিক সে রাজ্যের প্রথম ক্রীড়াবিদ যিনি অলিম্পিক পদক জয় করেন। গোলরক্ষক হিসেবে তিনি ১৯৭১ থেকে ১৯৭৮ পর্যন্ত ভারতের প্রতিনিধিত্ব করেছিলেন। দুটি বিশ্বকাপে অংশ নেওয়া ফ্রেডেরিক ২০১৯ সালে ধ্যানচাঁদ লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে সম্মানিত হন। হকি ইন্ডিয়ার সভাপতি দিলীপ তিরকি তার স্মৃতির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন।

----------------------------------- -----------------------------------